গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নং- ৩১.৪৩.৭০৬৬.০০০.৩০.০০৬.২৬-২১২৪

তারিখ : ৩১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুলাই ২০২৬

## পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১/০৭/২০২৬ ইং তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ টায় চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় প্রয়াস-ইসিসিসিপি-ড্রপ প্রকল্পের আওতায় পিকেএসএফ এর অর্থায়নে অনুমোদিত ২০২৫-২০২৬ অর্থবছরে খাল/খাড়ী পুন: খননের সময় জলাহার মৌজায় খননকৃত অতিরিক্ত প্রায় ৯০০০ ঘন.মি. মাটি (প্যাকেজ-১) এবং মরিচার ডারা খালে অতিরিক্ত বাম তীরে ৫০০০ ঘন.মি. (প্যাকেজ-২) ও ডান তীরে ৫৫০০ ঘনমিটার (প্যাকেজ-৩) মাটি নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে । উক্ত নিলাম ডাকে অংশ গ্রহণে ইচ্ছুক সর্বসাধারণ কে ধার্য তারিখ নির্ধারিত সময়ে উপজেলা ভূমি অফিস চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ এ উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**শর্তসমূহ:**

০১. ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জামানত জমা দিয়ে ডাকে অংশ গ্রহণ করতে হবে। সর্বোচ্চ ডাককারী ব্যতীত জামানতের টাকা ডাক শেষে ফেরত দেওয়া হবে।

০২. ডাক শেষে ডাকের সমুদয় টাকা এবং উহার উপর ১০% আয়কর ও ১৫% হারে ভ্যাট তাৎক্ষনিক ভাবে জমা দিতে হবে। জমা দিতে ব্যর্থ হলে পর্যায়ক্রমে ২য়, ৩য় ডাককারীকে অগ্রাধিকার দেওয়া হবে।

০৩. ডাক মূল্য সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ/উর্ধ্বতন কর্তৃপক্ষ বিনা নোটিশে ডাক বাতিল করে পুনরায় ডাকের ব্যবস্থা করার ক্ষমতা রাখেন।

০৪. মাটি অপসারণ নিজ দায়িত্বে করতে হবে।

০৫. মাটি অপসারণ করতে গিয়ে রাস্তাঘাট ও কৃষিজমির ক্ষতি করা যাবে না এবং জনসাধারণের বিরক্তি উদ্রেক/পরিবেশের ক্ষতি করা যাবে না।

০৬. নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে মাটির অবস্থান, পরিমাণ, অপসারণের সম্ভাব্যতা ইত্যাদি যাচাইক্রমে নিশ্চিত হয়ে নিলামে অংশগ্রহণ করতে হবে।

০৭. নিলামের যেকোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা নিম্ন স্বাক্ষরকারী সংরক্ষণ করে।

১৫|০৭|২৬
(মোঃ ইকরামুল হক নাহিদ)
সহকারী কমিশনার (ভূমি)
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নং- ৩১.৪৩.৭০৬৬.০০০.৩০.০০৬.২৬-২১২৪(৮)

তারিখ : ৩১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুলাই ২০২৬

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চাঁপাইনবাবগঞ্জ

২। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

৩। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ

৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর

৫। ভূমি উপ-সহকারী কর্মকর্তা, ঝিলিম/বালিয়াডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ। তাকে নোটিশটি সংশ্লিষ্ট মৌজা এলাকায় ব্যাপক প্রচার করে ধার্য তারিখের পূর্বে জারীর প্রতিবেদন ফেরত দিতে বলা হলো।

৬। নাজির এ কার্যালয় (নোটিশটি ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)

৭। প্রজেক্ট কো-অর্ডিনেটর (ইসিসিসিপি-ড্রট), প্রয়াস মানবিক উন্নয়ন সোসাইটি

৮। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।

১৫|০৭|২৬
(মোঃ ইকরামুল হক নাহিদ)
সহকারী কমিশনার (ভূমি)
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

## খননকৃত মাটি নিলাম কমিটির সভা

| | | |
|---|---|---|
| আহবায়ক | : | মো: ইকরামুল হক নাহিদ)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ |
| সভা অনুষ্ঠানের তারিখ | : | ১৫.০৭.২০২৬ খ্রি. |
| সভা অনুষ্ঠানের সময় | : | বিকাল ০৪.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | উপজেলা ভূমি অফিস, চাঁপাইনবাবগঞ্জ সদর। |

সভায় উপস্থিত ও অনুস্থিত সদস্যদের তালিকা সংযোজনী "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভার কাজ শুরু করা হয়।

আলোচনাঃ ১৫.০৭.২০২৬ ইং তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ টায় চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় প্রয়াস ইসিসিসিপি-ড্রপ প্রকল্পের আওতায় পিকেএসএফ এর অর্থায়নে অনুমোদিত ২০২৫-২০২৬ অর্থবছরে খাল/খাড়ী পুন: খননের সময় জলাহার মৌজায় খননকৃত অতিরিক্ত প্রায় ৯০০০ ঘন.মি. মাটি (প্যাকেজ-১) এবং মরিচার ডারা খালে অতিরিক্ত বাম তীরে ৫০০০ ঘন.মি. (প্যাকেজ-২) ও ডান তীরে ৫৫০০ ঘনমিটার (প্যাকেজ-৩) মাটির নিলাম অনুষ্ঠিত হয়। উক্ত নিলামে প্যাকেজ-১ এ কোন ডাককারী অংশ গ্রহণ করেননি। প্যাকেজ-২ ও প্যাকেজ-৩ এর জন্য নিলামে অংশগ্রহন না করে নামমাত্র মূল্যে ক্রয় করার জন্য ১। মোহাঃ সাদমান সাকিব, পিতা-মোঃ সাদিইল ইসলাম, সাং- মুন্সি মন্ডল টোলা, মহারাজপুর, ২। মোঃ ফারুক হোসেন, পিতা মোঃ সেরাজুল ইসলাম, সাং- শেখপাড়া, মহারাজপুর, ৩। মোঃ রিফাত আলী, পিতা- মোঃ জালাল উদ্দীন, সাং-চামাগ্রাম, বারঘরিয়া ও ৪। মোঃ ফারুক হোসেন, পিতাঃ রহমত আলী, সাং- নয়াগোলা প্রস্তাব দেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ব্যাপক প্রচারনার মাধ্যমে আগামী ২১/০৭/২০২৬ তারিখ নিলাম আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫।০৭।২৬

(মো: ইকরামুল হক নাহিদ)
সহকারী কমিশনার (ভূমি)
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
ও
আহবায়ক
সংশ্লিষ্ট কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
www.acl.chapainawabganjsadar.chapainawabganj.gov.bd

স্মারক নং:৩১.৪৩.৭০৬৬.০০০.১১.০০১.২৫.২১২৫ (৪)

তারিখ ৩১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ১৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় অবগাতর জন্য):

০১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চাঁপাইনবাবগঞ্জ।
০২। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
03। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
04। জনাব মাসুদ রানা, সহকারী রাজস্ব অফিসার, পানি উন্নয়ন বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ।

১৫।০৭।২৬

(মো: ইকরামুল হক নাহিদ)
সহকারী কমিশনার (ভূমি)
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ